Received Copy

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/এসই(প্রশিক্ষণ ও মান নিয়ন্ত্রণ)/(GAD) /জি-০১/২০১২ (অংশ-১)/১৭১ তারিখঃ ২৯/১১/২০১৬ইং

বিষয় ঃ এলজিইডি জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট ফোরামের ৩৫তম সভার কার্যবিবরণী।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট ফোরামের ৩৫তম সভা গত ১৭ নভেম্বর ২০১৬ ইং, বিকাল ৪.০০ ঘটিকায় এলজিইডি ভবন (লেভেল-০৪) এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ আবুল কালাম আজাদ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) ও সভাপতি এলজিইডি জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট ফোরাম। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ :

| আলোচ্যসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ১। গত সভার কার্যবিবরণী অনুমোদন ও অগ্রগতি পর্যালোচনা। | ক) সদস্য সচিব, জেন্ডার ফোরাম সভায় অবহিত করেন যে, ইতিমধ্যে ৩২জন জেলা সমাজবিজ্ঞানীকে প্রশিক্ষণ ইউনিটের মাধ্যমে জেন্ডার কার্যক্রম অগ্রগতি প্রতিবেদনের ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পরবর্তীতে অবশিষ্ট ৩২জন জেলা সমাজবিজ্ঞানীকে একইভাবে উক্ত প্রশিক্ষণ প্রদানের জন্য ফান্ড সরবরাহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। তদ্‌প্রেক্ষিতে জনাব আহসান হাবিব, প্রকল্প পরিচালক, সিআরডিপি প্রশিক্ষণের যাবতীয় ব্যয় বহন করতে সম্মত হন। সে আলোকে কার্যকরী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশিক্ষণ) কে অনুরোধ করা হয় এবং সদস্য-সচিব জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট ফোরামকে এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশিক্ষণ), সদস্য সচিব, জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট ফোরাম। |
| | খ) জেন্ডার বিষয়ে এলজিইডি'র প্রকল্প সমূহে কি কি কার্যক্রম আছে তা নিরূপণের লক্ষ্যে ইতিমধ্যে সকল প্রকল্পের Gender Action Plan সংগ্রহ করে একত্রীকরণ করা হয়েছে, যা প্রকল্প পরিচালক, পিএসএসডব্লিউআরএসপি জানান। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকল প্রকল্পের Gender Specialist ও প্রকল্প পরিচালকগণ অন্তর্বর্তী সভা করে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের করবেন যা প্রতি মাসে মনিটরিং করা হবে। উল্লেখ্য যে, ১ম অন্তর্বর্তী সভা চলতি মাসের (নভেম্বর) শেষ সপ্তাহে জেন্ডার ইউনিটে আহ্বান করার বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সম্মত হন। কার্যক্রমটি এগিয়ে নেয়ার জন্য পুনরায় প্রকল্প পরিচালক, পিএসএসডব্লিউআরএসপি কে অনুরোধ করা হলো। | প্রকল্প পরিচালক পিএসএসডব্লিআরএসপি। |
| ২। এলজিইডি'র জেন্ডার কার্যক্রম প্রাতিষ্ঠানিকী করণের অগ্রগতি পর্যালোচনা। | "Gender Unit" এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং প্রয়োজনীয় ব্যবস্থাপনার জন্য নির্ধারিত অফিস কক্ষ পাওয়া গেছে। ইতিমধ্যে একজন সহকারী প্রকৌশলী, একজন মনিটরিং অফিসার ও একজন অফিস সহায়ক জেন্ডার ইউনিটে কাজ করার জন্য নিযুক্ত করা হয়েছে। অফিস কক্ষের প্রয়োজনীয় মালামাল ক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালক, ইউজিআইআইপি- III কে অনুরোধ করা হয় ।একই সাথে সদস্য সচিব জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট ফোরামকে অফিস কক্ষের প্রয়োজনীয় আসবারপত্র এবং দৈনন্দিন অফিস পরিচালনার Logistic Support এর তালিকা প্রস্তুতপূর্বক খসড়া নোট উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয় । | প্রকল্প পরিচালক, ইউজিআইআইপি- III, |
| | এলজিইডি তে জেন্ডার কার্যক্রম প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে ADB, BRM কর্তৃক প্রেরিত একটি খসড়ার (Gender Mainstreaming Practices) ওপর আলোচনা চলমান, যা "Capacity Building for LGED on Gender Mainstreaming" এর উপর কারিগরী সহায়তা হিসেবে প্রস্তাবিত আকারে রয়েছে। এটির অনুমোদন পাওয়া গেলে জিওবি এর পাশাপাশি অন্যান্য খাত হতে অনুদান পেতে সহায়ক হবে ফলে Intellectual Support পেতেও সহজ হবে। | সদস্য সচিব, জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট ফোরাম। |
| ৩। এলজিইডি'র জেন্ডার সমতা বিষয়ক সেক্টর ভিত্তিক কর্মপরিকল্পনা মেয়াদ বৃদ্ধিকরণ। | এলজিইডি'র অনুমোদিত জেন্ডার সমতা বিষয়ক সেক্টর ভিত্তিক কর্মপরিকল্পনা ২০০৮-২০১৫ইং (সংশোধিত) এর হালনাগাদকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল প্রকল্প হতে কিছু পরিবর্তন/পরিবর্ধন/সংশোধনের মতামত পাওয়া গেছে যা যাচাই-বাছাই করে চূড়ান্ত করা হবে। এ বিষয়ে আগামী ২৪-১১-২০১৬ইং দুপুর ৩.৩০টায় সেমিনার কক্ষ (লেভেল-০৪) এ সংশ্লিষ্ট সকলের মতামত নিয়ে এলজিইডি'র জেন্ডার সমতা বিষয়ক কর্মপরিকল্পনা হালনাগাদকরণ চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, মেয়াদ | ১। জনাবা সালমা শহীদ, প্রকল্প পরিচালক, আরইআরএমপি- II। ২। সৈয়দা আসমা খাতুন, উপ-প্রকল্প পরিচালক, সিসিআরআইপি। |

| | | |
|---|---|---|
| | বৃদ্ধিকরণের বিষয়টি সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুযায়ী ২০১৬-২০২১ সাল মেয়াদে উন্নীত করা যেতে পারে। | ৩। জনাবা সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি। |

| | | |
|---|---|---|
| ৪। এলজিইডি'র জেন্ডার কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন করার GIMS Software হালনাগাদ করণ। | সদস্য-সচিব, জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট ফোরাম সভায় GIMS Software এর হালনাগাকরণের বিষয়টি উল্লেখ করলে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা প্রকল্প পরিচালক, পিএসএসডব্লিআরএসপি জানান আউটসোর্সিং পদ্ধতিতে একজন সফটওয়্যার প্রকৌশলীকে দিয়ে হালনাগাদকরণ প্রক্রিয়াধীন রয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলে আগামী ০১(এক) মাসের মধ্যে অগ্রগতি সম্পন্ন করার জন্য দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ জানান। | প্রকল্প পরিচালক পিএসএসডব্লিআরএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা। |
| ৫। বিবিধ | সভাপ্রতি মহোদয় জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট ফোরামের চলমান প্রক্রিয়ায় তিন মাস অন্তর সভা আহ্বানের বিষয়টি বহাল থাকলেও প্রয়োজনে অন্তর্বর্তী সভা জেন্ডার ইউনিটে বসে করা যেতে পারে বলে সিদ্ধান্ত দেন। | সদস্য-সচিব, জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট ফোরাম। প্রিয়াংকা নাথ, সহকারী প্রকৌশলী, জেন্ডার ইউনিট। |

(মোঃ আবুল কালাম আজাদ)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন)
ও
সভাপতি
এলজিইডি জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট ফোরাম।

অনুলিপি কার্যার্থেঃ ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা ও মান নিয়ন্ত্রণ), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী , আইডব্লিউআরএম (ওএন্ডএম) ইউনিট, এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশিক্ষণ), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিইডিপি- III ), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
৮। প্রকল্প পরিচালক,এমডিএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
৯। প্রকল্প পরিচালক, এইচএফএমএলআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক, ইউজিআইআইপি- III, এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
১১। প্রকল্প পরিচালক, নগর অঞ্চল উন্নয়ন প্রকল্প, এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
১২। প্রকল্প পরিচালক, এসআরআইআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
১৩। প্রকল্প পরিচালক, আরটিআইপি- II, এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
১৪। প্রকল্প পরিচালক, এইচআইএলআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
১৫। প্রকল্প পরিচালক, পিএসএসডব্লিউআরএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
১৬। জনাব সালমা শহীদ, প্রকল্প পরিচালক, আরইআরএমপি-II, এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
১৭। জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
১৮। জনাবা মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, অন্তর্বর্তীকালীন পিএমইউ (জাইকা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
১৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।